

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

Web: www.rdodtekhulna.gov.bd

Email: rdokhulna@gmail.com

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/ ১৪১১

তারিখ : ১৪/০৯/২০১৯ খ্রিঃ

প্রাপক,

প্রধান শিক্ষক,

গঙ্গারামপুর পি কে মাধ্যমিক বিদ্যালয়,

শালীখা, মাগুরা।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা এর সহকারী আঞ্চলিক পরিদর্শক জনাব সুসান্ত কুমার সাহা আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে বিভিন্ন বিষয় চিহ্নিত করে একখানা প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে দেখা যায় :

- ১। ব্যবহারিক ক্লাশ করানো হয় না।
 - ২। ড্রেসমেকিং ট্রেডের ফ্যাশন মেকার, লক মেশিন, এমব্রয়ডারি ও সিল্পের স্টীচ ইনাডাস্ট্রিয়াল মেশিনের প্যাকেট খোলা হয়নি অর্থাৎ সরকার প্রদত্ত যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে না।
 - ৩। জেনারেল মেকানিক্স ট্রেডের ড্রিল মেশিন, ওয়েল্ডিং মেশিন, লেদ মেশিন, শেফার মেশিন, পাওয়ার হ্যাকস দীর্ঘদিন ব্যবহার না করার ফলে নষ্ট হয়ে গেছে।
 - ৪। ইলেকট্রিক্যাল ট্রেডের যন্ত্রপাতি ও হ্যান্ডটুলস রক্ষণাবেক্ষনে অযত্নের ছাপ রয়েছে।
 - ৫। শিক্ষার্থী উপস্থিতির হার কম।
 - ৬। সঠিক ভাবে রুটিন প্রণয়ন করা হয়নি।
 - ৭। ইয়ার প্লান নেই।
 - ৮। অগ্রগতি কার্ড নেই।
 - ৯। ক্যাশবহি হালনাগাদ নেই।
 - ১০। যথা নিয়মে ব্যয় করা হয় না ও ব্যয় ভাউচার সঠিকভাবে সংরক্ষণ করা হয় না।
 - ১১। জুলাই/২০১৬ হতে বেতন রেজিস্টারে রেভিনিউ লাগানো হয় না এবং স্বাক্ষর করা হয় না।
- এমতাবস্থায় কেনো সংশ্লিষ্ট শিক্ষক কর্মচারীদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার ব্যাখ্যা প্রদানসহ উল্লিখিত অসংগতি সমূহ দূর করে পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে সকল যন্ত্রপাতি ওয়ার্কশপে স্থাপন এবং ব্যবহার উপযোগি করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর:-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

তারিখ : ১৪/০৯/২০১৯ খ্রিঃ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৪১১ (৬)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ /ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), মাগুরা।
- ৪। জনাব সুসান্ত কুমার সাহা, সহকারী আঞ্চলিক পরিদর্শক, অত্র দপ্তর।
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, গঙ্গারামপুর পি কে মাধ্যমিক বিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।

স্বাক্ষর:-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর,

খুলনা বিভাগ, খুলনা-৯০০০।